**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 26-03-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## Assembly-CM Jana Arogya Yojna :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা জানিয়েছেন, রাজ্যে বর্তমানে মুখ্যমন্ত্রী জন আরোগ্য যোজনা ২০২৩ প্রকল্পে ৩ লক্ষ ৭০ হাজার পরিবার অন্তর্ভুক্ত রয়েছে। গতকাল  বিধানসভায় বিধায়ক মাইলাফু মগের এক প্রশ্নের উত্তরে তিনি এই তথ্য জানান।

*******************

## NDMS Bill pass:

গতকাল রাজ্যসভায় অনুমোদিত হওয়ার সাথেসাথে সংসদে বিপর্যয় ব্যবস্থাপনা (সংশোধনী)বিল-২০২৪ পাশ হয়েছে | এই বিলটির মাধ্যমে দুর্যোগ ব্যবস্থাপনা আইন, ২০০৫-এর সংশোধন হচ্ছে এবং এর মাধ্যমে জাতীয় দুর্যোগব্যবস্থাপনা কর্তিপক্ষ (এন ডি এম এ)এবং রাজ্য দুর্যোগ ব্যবস্থাপনা কর্তিপক্ষের  (এস ডি এম এ) ক্রিয়াকর্ম আরো শক্তিশালী হবে| এই সংশোধনী বিল পাশ করার পক্ষে আলোচনা করতে গিয়ে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, এই বিধেয়কের মূল প্রতিপাদ্য হলো জাতীয়,  রাজ্য ও জেলাস্তরের দুর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সংস্থান এবং দুর্যোগ মোকাবিলায় তহবিল ও আর্থিক সাহায্য পাবে জেলা কর্তিপক্ষ।এর মাধ্যমে দেশের যুক্তরাষ্ট্রীয় কাঠামো মজবুত হবে| কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী বলেন .......

#######Byte Amit Shah #######

*******************

**Finance Bill passed :**

লোকসভায় গতকাল  ২০২৫-২৬ সালের অর্থ বিল পাশ হয়েছে। বিলটি নিয়ে আলোচনার জবাবে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন বলেন, ২০২৫ সালের অর্থ বিল করদাতাদের সম্মান জানাতে এবং সহজে ব্যবসা করার ক্ষেত্রে সুবিধা দিতে অভূতপূর্ব কর ছাড় রেখেছে। তিনি বলেন, নতুন কর ব্যবস্থার আওতায় ১২ লক্ষ টাকা আয় পর্যন্ত আয়কর শূন্য। শ্রীমতী সীতারামন ঘোষণা করেন, আগামী বর্ষাকালীন অধিবেশনে নতুন আয়কর বিলটি আলোচনার জন্য নেওয়া হতে পারে।

*********************

**Assembly-Prodhanmontri Fasal Bima Yojna :**

কৃষিমন্ত্রী রতনলাল নাথ জানিয়েছেন, বিগত ৮ বছরে রাজ্যে প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনায় ১৪ লক্ষ ৩৭ হাজার কৃষককে অন্তর্ভুক্ত করা হয়েছে। গতকাল বিধানসভায় বিধায়ক মাইলাফ্রু মগের এক প্রশ্নের উত্তরে তিনি এই তথ্য জানান। শ্রী নাথ জানান, এই প্রকল্পের মাধ্যমে ইচ্ছুক ধান চাষীরা কানি প্রতি মাত্র ১0 টাকা দিয়ে বীমার আওতায় আসার সুযোগ পেয়েছেন এবং কৃষকদের প্রিমিয়ামের কানি প্রতি বাকি ২১0 টাকা রাজ্য সরকার বহন করছে।

***********************

**Assembly-PM Surya Ghar Muft Bijli Yojna :**

বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ বলেছেন রাজ্যে প্রধানমন্ত্রী সূর্য ঘর মুফত বিজলি যোজনায় অনলাইন পোর্টালে চলতি বছরের মার্চ মাসের ৫ তারিখ পর্যন্ত ১২ হাজার ৮৮৯ জন নাম নথিভুক্ত করেছেন। এর মধ্যে অনলাইনেই আবেদন

করছেন ৩ হাজার ১০১জন। গতকাল বিধানসভায় বিধায়ক মাইলাফ্রু মগ ও অশোক চন্দ্র মিত্রের এক প্রশ্নের উত্তরে তিনি এতথ্য জানান। শ্রী নাথ বলেন জমাকৃত আবেদনের ভিত্তিতে ১৫০ জনের বাড়িতে সোলার প্ল্যান্ট স্থাপন করা হয়েছে।

********************

**Blood Donation :**

মার্কফেডের ৬৯তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে গতকাল বাধারঘাটে এক রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া, মার্কফেডের চেয়ারম্যান অভিজিৎ দেব| শিবিরে ৪৫ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

********************

**ADG visit** :

মহিলা বি এস এফ জওয়ানদের দ্বারা পরিচালিত পুস্পরামপাড়া ও খানতালাং সীমান্ত ফাঁড়ি গতকাল পরিদর্শন  করলেন  বাহিনীর পূর্বাঞ্চলের দায়িত্বে থাকা অতিরিক্ত মহানির্দেশক রবি গান্ধী।  সীমান্তে কঠিন পরিস্থিতির মধ্যেও মহিলা জওয়ানদের দায়িত্ববোধ এবং দক্ষতার প্রশংসা করেছেন তিনি। সফরকালে তাঁর সাথে ছিলেন বিএসএফের ত্রিপুরা ফ্রন্টিয়ারের আইজি অশ্বিনী কুমার শর্মা, ডিআইজি রাজীব ভৎসরাজ-সহ অন্যরা।

*******************

**T-20 Cricket:**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত সমীরন চক্রবর্তী স্মৃতি টি-২০ ক্রিকেটের ফাইনালে আজ সংহতি ক্লাব খেলবে কসমোপলিটান ক্লাবের বিরুদ্ধে। এম বি বি স্টেডিয়ামে সকাল ১০টায় ফাইনাল খেলাটি শুরু হবে।

*******************

## Assembly Budget Discussion :

রাজ্য বিধানসভার অধিবেশনে গতকাল বাজেটের উপর সাধারন আলোচনায় অংশ গ্রহণ করেন বিধায়ক রঞ্জিত দাস, ভগবান দাস, শম্ভুলাল চাকমা, বিশ্বজিত কলই| তারা আগামী অর্থবছরে প্রস্তাবিত বাজেটকে জনমুখী বলে উল্লেখ করেন| তাছাড়া বিধায়ক সুদীপ রায় বর্মণ, দীপঙ্কর সেন ও ইসলাম উদ্দিন বাজেটের বিরোধিতা করে বক্তব্য রাখেন।

******************

## Weather :

আবহাওয়ার পূর্বাভাসে বলা হয়েছে আজকের আকাশ প্রধানত পরিস্কার থাকবে ।আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকতে পারে ৩৪ ডিগ্রী সেলসিয়াস ।সকালে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৮.৪ ডিগ্রী সেলসিয়াস|

******************